দৈনিক ইনকিলাব

তারিখ ..0.4. JUL. 1998 ... ...
পৃঃ ১০ কলাম ৮

৫৫টি শিক্ষক পদের ৪৩টি শূন্য

# সিলেট সরকারী আলীয়া মাদ্রাসায় শিক্ষা কার্যক্রম বন্ধের উপক্রম

**সিলেট অফিস ঃ** সিলেটের ঐতিহ্যবাহী দ্বীনী শিক্ষা প্রতিষ্ঠান সিলেট সরকারী আলীয়া মাদ্রাসায় শিক্ষক স্বল্পতার কারণে শিক্ষা কার্যক্রম বন্ধ হবার উপক্রম হয়েছে। মাধ্যমিক স্তর থেকে ডিগ্রী পর্যন্ত অধ্যয়নের ব্যবস্থা থাকলেও মাদ্রাসাটিতে মঞ্জুরিকৃত ৫৫টি শিক্ষকের পদের মধ্যে ৪৩টিই শূন্য রয়েছে। প্রিন্সিপালসহ মাত্র ১২ দ্বারা এ বিশাল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষাদান অত্যান্ত দুরূহ হয়ে দাঁড়িয়েছে। শিক্ষকের অভাবে ইতিমধ্যে অনেকগুলো বিভাগের পাঠদান বন্ধ রয়েছে। প্রতিষ্ঠানের কয়েকশ' ছাত্রের জন্য রয়েছে ২৪ আসন বিশিষ্ট জরাজীর্ণ একটি ছাত্রাবাস। বৃষ্টির দিনে আবাসিক ছাত্রদেরকে সন্ত্রস্ত অবস্থার কাটাতে হয়। আসন স্বল্পতার জন্য প্রতি বছর অসংখ্য ছাত্র এসে ফিরে যাচ্ছে। সিলেটের সচেতন মহল মাদ্রাটিতে শিক্ষক সমস্যার সমাধান এবং আবাসিক আসন বৃদ্ধির জন্য সরকারী সুদৃষ্টির কামনা করেছেন।